দৈনিক সংবাদ

02 AUG 1997
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

165

# 'পাহাড়ী ভাতা' দাবিতে পার্বত্যাঞ্চলে শিক্ষকদের ক্লাস বর্জন

রাঙ্গামাটি থেকে সুনীল কান্তি দে ঃ ১লা আগস্ট।– 'পাহাড়ী ভাতা' দাবিতে আগামীকাল ২রা আগস্ট থেকে তিন পার্বত্য জেলার বেসরকারি স্কুল–কলেজ ও মাদ্রাসার শিক্ষক কর্মচারীরা ক্লাস বর্জন আন্দোলন শুরু করছেন। তারা কর্মসূচি দিয়েছেন ১৭ই আগস্ট থেকে ঢাকার জাতীয় প্রেসক্লাব চত্বরে অবস্থান ধর্মঘট করবেন।

গত ৩০শে জুলাই রাঙ্গামাটিতে অনুষ্ঠিত তিন পার্বত্য জেলা শিক্ষক সমন্বয় পরিষদের মহাসমাবেশে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রায় ২শ' বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সাড়ে ৩ হাজার শিক্ষক কর্মচারী এই কর্মসূচি পালন করতে যাচ্ছেন।

সমন্বয় পরিষদ সূত্রে জানা গেছে, পাহাড়ি ভাতা পাওয়ার আবেদন জানিয়ে তারা ইতোমধ্যে তিন পার্বত্য জেলা স্থানীয় সরকার পরিষদ চেয়ারম্যান, সংসদ সদস্যবৃন্দ ও জেলা প্রশাসকদের মাধ্যমে প্রেরিত স্মারকলিপিতে পাহাড়ি ভাতা আদায়ের পক্ষে যুক্তি প্রধানমন্ত্রী ও শিক্ষা–মন্ত্রীকে অবহিত করেছেন। কিন্তু দীর্ঘদিন অপেক্ষা করার পরও সরকারের পক্ষ থেকে কোন সাড়া না পেয়ে তারা এ কর্মসূচি গ্রহণে বাধ্য হয়েছেন। তাদের দাবি হচ্ছে বৃহত্তর পার্বত্য চট্টগ্রামে কর্মরত অন্যান্য

ক্লাস ঃ পৃঃ ১১ কঃ ২

## ক্লাস ঃ বর্জন

( ১ম পৃষ্ঠার পর )

সরকারি, বেসরকারি ও আধা–সরকারি প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা ও কর্মচারীরা নিয়মিতভাবে পাহাড়ি ভাতা পেয়ে আসলেও তাদের ক্ষেত্রে এই না পাওয়াটা এক ধরনের বঞ্চনা।

তিনি পার্বত্য জেলায় বেসরকারি স্কুল–কলেজ ও মাদ্রাসাসমূহে শিক্ষক–কর্মচারীদের পাহাড়ি ভাতা প্রদান করতে গেলে সরকারকে প্রতিবছর প্রায় ১ কোটি ২০ লাখ টাকা ব্যয় করতে হবে।